

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮

০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ  
তারিখ:-----  
২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

**প্রজ্ঞাপন**

সরকার শতভাগ পেনশন সমর্পণকারী প্রজাতন্ত্রের অবসরপ্রাপ্ত কর্মচারীগণের আর্থিক ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করণার্থে তাদের মাসিক পেনশন পুনঃস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা নিম্নরূপ বিধানাবলী সাপেক্ষে কার্যকর হবে:

- (ক) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের অবসর গ্রহণের তারিখ হতে ১৫ বছর সময় অতিক্রান্তের পর তাদের পেনশন পুনঃস্থাপন করা হবে। কর্মচারীর এলপিআর/পিআরএল যে তারিখে শেষ হয়েছে তার পর দিন হতে উক্ত ১৫ বছর সময় গণনা করা হবে। আর যিনি এলপিআর/পিআরএল ভোগ করেননি তার ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ হতে উক্ত ১৫ বছর সময় গণনাযোগ্য হবে;
- (খ) যে পদ্ধতি ও নিয়মে নিয়মিত পেনশনারগণের মাসিক পেনশন নির্ধারিত হয় অনুরূপ পদ্ধতি ও নিয়মে শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মাসিক পেনশন নির্ধারিত হবে;

**উদাহরণ:** ধরা যাক সংশ্লিষ্ট কর্মচারীর এলপিআর শেষ হয়েছে ২০০২ সালের ৩০শে জুন। তাঁর অবসরের পর হতে ১৫ বছর সময় অতিক্রান্ত হয়েছে ২০১৭ সালের ১লা জুলাই। উক্ত কর্মচারী যদি ১নং গ্রেডভুক্ত হন তাহলে জাতীয় বেতনস্কেল, ১৯৯৭ অনুযায়ী তাঁর বেতন ১৫,০০০ টাকা (নির্ধারিত) হওয়ায় তাঁর মাসিক নীট পেনশনের পরিমাণ হবে  $(১৫,০০০ \times ৮০\%) + ২ = ৬,০০০$  টাকা। জাতীয় বেতনস্কেল, ২০০৫ অনুযায়ী মাসিক ১০০১ টাকা হতে তদুর্ধ্ব পরিমাণ নীট পেনশন গ্রহণকারীর মাসিক পেনশন ২৫% হারে বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে  $৬,০০০ + (৬,০০০ \times ২৫\%) = ৭,৫০০$  টাকা। আবার জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় তাঁর মাসিক নীট পেনশন হবে  $৭,৫০০ + (৭,৫০০ \times ৫০\%) = ১১,২৫০$  টাকা। জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ৬৫ বছর উর্ধ্ব বয়সের অবসরভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% বৃদ্ধি হওয়ায় ০১-০৭-২০১৭ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে  $১১,২৫০ + (১১,২৫০ \times ৫০\%) = ১৬,৮৭৫$  টাকা। সুতরাং ২০০২ সালের ৩০শে জুন বা তার পূর্বে এলপিআর শেষ হয়েছে ১নং গ্রেডের এমন শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশন হবে ১৬,৮৭৫ টাকা।

- (গ) নিয়মিত পেনশনারগণের ন্যায় শতভাগ পেনশন সমর্পণকারী অবসরভোগীগণেরও ন্যূনতম মাসিক পেনশন হবে ৩,০০০ (তিন হাজার) টাকা।
- (ঘ) শতভাগ পেনশন সমর্পণকারী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে বা তার পরবর্তী সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) যে পেনশন নির্ধারিত হবে তার উপর প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হবে।

**উদাহরণ:** উপরের উদাহরণের ১নং গ্রেডের কর্মচারীর ০১-০৭-২০১৭ তারিখে মাসিক নীট পেনশনের পরিমাণ ১৬,৮৭৫ টাকা। প্রতিবছর ১ জুলাই তারিখে ৫% হারে বার্ষিক ইনক্রিমেন্ট প্রদেয় হওয়ায় ০১-০৭-২০১৮ তারিখে তাঁর মাসিক নীট পেনশন হবে  $১৬,৮৭৫ + (১৬,৮৭৫ \times ৫\%) = ১৭,৭১৮.৭৫$  টাকা।

চলমান পাতা-২

২। পেনশন পুনঃস্থাপনের উক্ত সুবিধা ০১-০৭-২০১৭ তারিখ থেকে কার্যকর হবে। তবে ০১-০৭-২০১৭ তারিখের পূর্বের কোন আর্থিক সুবিধা প্রদেয় হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

( মোঃ শাহজাহান )

অতিরিক্ত সচিব

(পরিচিতি নং-৪১৪৪)

ফোন: ৯৫৭৩৭৭০

E-mail: shahjahanmail@yahoo.com

০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০১৩.১৪-১১৮/১(১০০)

তারিখ:-----

২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
  - ২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব-----সকল মন্ত্রণালয়/বিভাগ।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৬। বিভাগীয় কমিশনার----- (সকল)।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৭। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, (দূ: আ: উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস),  
তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
  - ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক----- (সকল)।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা----- (সকল)।  
তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
  - ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ-----পত্রটি অর্থ বিভাগের ওয়েব সাইটে  
আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- সদয় অবগতির জন্য অনুলিপি:
- ১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
  - ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
  - ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
  - ৪। অতিরিক্ত সচিব- এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ----- (সকল)।

(ড. মো: নজমুল ইসলাম)  
যুগ্ম সচিব